

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন, ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
www.iresppw-brdb.gov.bd


স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৪.২২- ০৩৭

তারিখঃ ৫ ফেব্রুয়ারি, ২৪

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি সুফলভোগী হতে আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না দিয়ে অননুমোদিতভাবে বিগত ০৫/১২/২০২৩ হতে ১১/১২/২০২৩ তারিখ কর্মস্থল ত্যাগ করে মোবাইল ফোন বন্ধ রাখেন। পরবর্তীতে ভিন্ন উপায়ে আপনার সাথে যোগাযোগ করা হলে আপনি বিগত ১২/১২/২০২৩ তারিখ কর্মস্থলে উপস্থিত হন এবং ১৩/১২/২৩ তারিখে আপনার নিকট হস্তমজুদকৃত ১,১৬,৭০০.০০ টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করেন। এছাড়া বিগত ১৭-১৯ ডিসেম্বর, ২৩ তারিখ নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে মোবাইল ফোন বন্ধ রাখেন এবং ছুটি শেষ হওয়ার পরও কর্মস্থলে যোগদান না করায় পুনরায় ভিন্ন উপায়ে আপনার সাথে যোগাযোগ করা হলে আপনি বিগত ২৮/১২/২০২৩ তারিখ কর্মস্থলে উপস্থিত হন। তাছাড়া কর্মস্থলে অনুপস্থিত থাকাকালীন মোবাইল বন্ধ থাকায় যথাসময়ে ঋণের কিস্তি আদায় কার্যক্রম ব্যাহত হয় এবং সুফলভোগীদের মনে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। এতে প্রতীয়মান হয় অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করা এবং কর্মস্থলে অনুপস্থিত থাকাকালীন মোবাইল বন্ধ রাখা আপনার নিয়মিত অভ্যাসে পরিণত হয়েছে, যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। এছাড়া ঋণ প্রদানের আশ্বাসে সমিতি গঠনের পূর্বেই তার ঝকভুক্ত ইউনিয়নের নজরপুর ও পশ্চিম নরোত্তরপুর গ্রামের মহিলাদের নিকট হতে ২,০৪,৬০০.০০ টাকা গ্রহণ করে ইরেসপো বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার বিষয়ে অভিযোগ রয়েছে।

এমতাবস্থায়, অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করা, কর্মস্থলে অনুপস্থিত থাকাকালীন মোবাইল বন্ধ রাখা এবং ইরেসপো বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত হওয়ায় কেন আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব অত্র পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক

জনাব মোঃ স্বাধীন হোসাইন  
মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি,  
সদর, নোয়াখালী  
(নাজিরপুর, পিরোজপুর বদলি আদেশপ্রাপ্ত)

**অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :**

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ সদর/ নাজিরপুর জেলাঃ নোয়াখালী / পিরোজপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নোয়াখালী / পিরোজপুর।

**জ্ঞাতার্থেঃ**

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।